



তারিখ : ১৮ মার্চ ২০২৪

## প্রেস বিজ্ঞপ্তি

### বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি'র বিবৃতি

ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) গুলিতে বাংলাদেশী এক কিশোর নিহত হওয়ার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি।

আজ বিএনপি'র এক বিবৃতিতে বলা হয়, “গতকাল রবিবার মৌলভীবাজারের কুলাউড়া সীমান্তে সাদ্দাম হোসেন (১৫) নামে এক কিশোরকে গুলি করে হত্যা করেছে বিএসএফ। এ সময় আরও একজনকে গুলি করে আহত করা হয়। গত কিছুদিন আগেও যশোরে সীমান্ত এলাকায় ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) গুলিতে বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) সিপাহী মোহাম্মদ রইশুদ্দীন নিহত হয়েছেন। প্রায় প্রতিদিন বাংলাদেশ-ভারত সীমান্তে বাংলাদেশী নাগরিকদের পাখির মতো গুলি করে হত্যা করা হচ্ছে। সীমান্তে অব্যাহত এই নির্মম হত্যাকাণ্ড নিয়ে আওয়ামী ডামি সরকার এই অবধি প্রতিবাদ তো দূরের কথা টু শব্দ পর্যন্ত করার সাহস দেখাতে পারেনি। পৃথিবীর সবচয়ে রক্তাক্ত সীমান্ত এখন বাংলাদেশ-ভারত সীমান্ত হলেও শুধুমাত্র নতজানু নীতির কারণে একতরফা হত্যাকাণ্ডের বিরুদ্ধে কোন প্রতিকার করতে পারছে না গণবিরোধী আওয়ামী সরকার। এর আগে ডামি সরকারের কয়েকজন মন্ত্রী নানা সময়ে সীমান্তে বিএসএফ কর্তৃক বাংলাদেশী হত্যার বিষয়ে যে মন্তব্যগুলো করেছেন তার মধ্যেই সরকারের দুরভীসন্ধি টের পাওয়া যায়। সীমান্ত হত্যা নিয়ে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেছেন-‘এই বিষয়ে আমরা এখন কথা বলতে চাই না’। নৌ-পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন ‘এসব বিচ্ছিন্ন ঘটনা! এ নিয়ে আলোচনার কি আছে’? অন্য এক মন্ত্রী বলেছেন, ‘নো কমেন্টস’। কয়েক বছর আগে এক আওয়ামী মন্ত্রী বলেছিলেন, ভারতের বিরুদ্ধে কিছু বলা যাবে না! অর্থাৎ উল্লেখিত মন্ত্রীদের মন্তব্যে এটাই প্রমাণ করে যে, পরনির্ভরশীল সরকারের কাছে জনগণের জীবনের কোন মূল্য নেই, এরা প্রতিবাদ করার সাহসও রাখে না। যারা নিজ দেশের জনগণের ওপর জুলুম চালায় তাদেরকে বিদেশী প্রভুর শরণাপন্ন হয়েই থাকতে হয়। ক্ষমতার জন্য এরা দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব বিকিয়ে দিয়ে জনগণের জীবনকে প্রতিবেশী দেশের সীমান্তরক্ষী বাহিনীর গুলির নিশানা বানাতে কুণ্ঠিত হয় না। কেবল সীমান্তে পাখির মতো মানুষকে গুলি করে হত্যা নয়, বাংলাদেশের অভ্যন্তরে ঢুকে লুটপাট, হামলা, ভাংচুর, এমনকি ধর্ষণের ঘটনা ঘটলেও কোনো প্রতিবাদ করে না শেখ হাসিনার আজ্ঞাবাহী সরকার। বাংলাদেশের জনগণ ও সার্বভৌমত্ব আজ হুমকির মুখে ফেলে দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতার জন্য একান্ত অনুগত হয়ে গোলামী করে যাচ্ছেন।”

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) কর্তৃক গুলি করে বাংলাদেশী কিশোর হত্যা ও এর পূর্বের সকল হত্যাকাণ্ডের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বাংলাদেশ-ভারত সীমান্তে বাংলাদেশীদের হত্যার যে হিড়িক চলছে তা বন্ধের জোর আহ্বান জানিয়েছে।

(অ্যাডভোকেট রুহুল কবির রিজভী)

সিনিয়র যুগ্ম মহাসচিব

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি।